গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
পরিকল্পনা শাখা-১
www.mopme.gov.bd

তারিখঃ ২০ মার্চ ২০১৮ খ্রিঃ

৩৮.০১২.০১৪.০৮.০১.০১২.২০০৯-২৭৫

বিষয়ঃ দশম জাতীয় সংসদের অনুমিত হিসাব সম্পর্কিত কমিটি'র ১৭তম বৈঠকের ৯.০ (১) (ক) ও ৯.০ (১) (খ) নম্বর সুপারিশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে দশম জাতীয় সংসদের 'অনুমিত হিসাব সম্পর্কিত কমিটি'র ১৭তম বৈঠক গত ২১ ডিসেম্বর ২০১৭ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে গৃহীত সুপারিশ নিম্নরূপ:

সিদ্ধান্ত/সুপারিশ: ৯.০ (১) (ক):

"সকল মন্ত্রণালয় প্রকল্পের স্থান (জমি) নির্ধারণ করা ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিবের নেতৃত্বে একটি কমিটি গঠন করে এ সংক্রান্ত সংশ্লিষ্ট জেলা কমিটির সাথে সমন্বয়পূর্বক প্রকল্পের স্থান নির্ধারণ ও সম্ভাব্যতা যাচাই করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ করা হয়"।

সিদ্ধান্ত/সুপারিশ: ৯.০ (১) (খ):

"প্রকল্পের স্থান (জমি) অধিগ্রহণ এবং যথাসময়ে প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে জমি সিলেকশনের পর জমির দাগ, খতিয়ান এবং মৌজা নম্বর বিস্তারিতভাবে উল্লেখপূর্বক প্রকল্প গ্রহণ এবং অনুমোদনের সুপারিশ করা হয়"।

এমতাবস্থায়, গত ২১ ডিসেম্বর ২০১৭ তারিখ অনুষ্ঠিত দশম জাতীয় সংসদের 'অনুমিত হিসাব সম্পর্কিত কমিটি'র ১৭তম বৈঠকের সিদ্ধান্ত/সুপারিশ ৯.০ (১) (ক) এবং সিদ্ধান্ত/সুপারিশ ৯.০ (১) (খ) মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০/০৩/১৮
(মোঃ নূরুন্নবী)
সহকারী প্রধান
ফোন: ৯৫৭৭২৫৬
mopmeplan1@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :
মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।

অনুলিপিঃ
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (শিক্ষা), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর
তারিখ :
☐ অতিরিক্ত মহাপরিচালক
☑ পরিচালক (প্রশাসন)
☐ পরিচালক (অর্থ ও সংগ্রহ)
☐ পরিচালক (পলিসি ও অপারেশন)
☐ পরিচালক (প্রশিক্ষণ)
☑ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
☐ পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন)
☐ পরিচালক (প্রোগ্রাম কো-অর্ডিনেটর)
☐ পরিচালক (সেকেন্ড চান্স এডুকেশন)
☐ সিস্টেম ম্যানেজার
☐ প্রকল্প পরিচালক
☐ উপপরিচালক
☐ সহকারী পরিচালক
মহাপরিচালক

২০/৩/১৮